দৈনিক ইনকিলাব

5 2001

# রাবি'র ৪৫ শিবির নেতাকর্মীকে মামলার চার্জশীট না দেয়া পর্যন্ত গ্রেফতার না করার নির্দেশ

**সুপ্রীম কোর্ট রিপোর্টার** ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিবিরের ৪৫ জন নেতাকর্মীর বিরুদ্ধে জননিরাপত্তা আইনে দায়ের করা মামলার চার্জশীট দাখিল না করা পর্যন্ত তাদের গ্রেফতার ও হয়রানি না করার জন্য হাই কোর্ট পুলিশের প্রতি নির্দেশ দিয়েছে। গতকাল বিচারপতি এম এ আজিজ ও বিচারপতি মোঃ শামছুল হুদার সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দেন। জননিরাপত্তা বিশেষ বিধান আইনকে চ্যালেঞ্জ করে রীট পিটিশন দায়ের করলে এই রায় দেয়া হয়। দরখাস্তকারীগণের পক্ষে সিনিয়র এডভোকেট খন্দকার মাহবুব উদ্দিন আহমেদ মামলার শুনানি করেন, বিগত ১৬ ফেব্রুয়ারী স্থানীয় সাধারণ লোকদের সাথে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সাথে একটি বিচ্ছিন্ন ঘটনাকে কেন্দ্র করে সাধারণ ছাত্রদের সাথে গ্রামবাসীদের অনাকাংখিত অপ্রিতিকর দাঙ্গা সংঘটিত হয়। এই একই ঘটনাকে কেন্দ্র করে সরকার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রশিবির সভাপতি মোঃ হেলালউদ্দিন, সেক্রেটারী মোঃ ফিরোজ খান নুনসহ ৪৫ জন নেতাকর্মীকে আসামী করে জননিরাপত্তা আইনে মতিহার থানায় ১৮, ১৯ এবং ২০ ফেব্রুয়ারী মোট পাঁচটি মামলা দায়ের করে, জননিরাপত্তা আইন ২০০০ এবং এ মামলার বৈধতা চ্যালেঞ্জ করে রীট মামলা দায়ের করা হয়। দিনের শুরুতে প্রথম মামলাটির প্রাথমিক গ্রহণযোগ্যতার উপর বিচারপতি কাজী এটি মনোয়ারউদ্দিন ও বিচারপতি মোঃ মোজাম্মেল হোসেনের সমন্বয়ে গঠিত বেঞ্চে শুনানি শুরু হয়। শুনানির এক পর্যায়ে জুনিয়র বিচারপতি মোঃ মোজাম্মেল হোসেন এই মামলার শুনানিতে বিব্রত বোধ করায় মামলাটি বিচারপতি এমএ আজিজ ও বিচারপতি মোঃ শামসুল হুদার আদালতে শুনানি হয়। শুনানি শেষে আদালত জননিরাপত্তা আইন ২০০০ কেন বেআইনি বলে ঘোষণা করা হবে ন এই মর্মে রুল ইস্যু করেন এবং মামলার অভিযুক্ত আসামীদের এই পাঁচটি মামলার চার্জশীট না হওয়া পর্যন্ত কোন প্রকার গ্রেফতার বা হয়রানি না করার জন্য পুলিশ ও সরকারের প্রতি নির্দেশ প্রদান করেন দরখাস্তকারীর পক্ষে মামলার শুনানি করেন সিনিয়র এডভোকেট খন্দকার মাহবুবউদ্দিন আহমেদ, তাকে সহায়তা করেন এডভোকেট এসএম এমদাদ, এডভোকেট রুহুল কদ্দুস কাজল, মোঃ তাজুল ইসলাম মোঃ শাহাদাৎ হুসাইন।